

আল-মুরসালাত | Al-Mursalat | المُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ৩৮

আরবি মূল আয়াত:

هَذَا يَوْمُ الْفَصْلِ جَمَعْنَاكُمْ وَالْأَوَّلِينَ ﴿٣٨﴾

অনুবাদসমূহ:

এটি ফয়সালার দিন; তোমাদেরকে ও পূর্ববর্তীদেরকে আমি একত্র করেছি। — আল-বায়ান

এটা চূড়ান্ত ফয়সালার দিন, আমি একত্রিত করেছি তোমাদেরকে আর আগের লোকদেরকে। — তাইসিরুল

ইহাই ফাইসালার দিন, আমি একত্রিত করব তোমাদেরকে এবং পূর্ববর্তীদেরকে। — মুজিবুর রহমান

This is the Day of Judgement; We will have assembled you and the former peoples. — Sahih International

৩৮. এটাই ফয়সালার দিন, আমরা একত্র করেছি তোমাদেরকে এবং পূর্ববর্তীদেরকে।

-

তাফসীরে জাকারিয়া

(৩৮) এটাই ফায়সালার দিন, আমি একত্রিত করেছি তোমাদেরকে এবং পূর্ববর্তীদেরকে। [1]

[1] এ কথা মহান আল্লাহ বান্দাদেরকে সম্মোধন করে বলবেন। আমি তোমাদের পূর্বাপর সকলকে আমার পরিপূর্ণ শক্তি দ্বারা ফায়সালা করার জন্য একই ময়দানে একত্রিত করে নিয়েছি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5660>

৫ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন